

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা।



বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর আওতায় দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণের নিমিত্তি শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভার কার্যবিবরণী।


লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে বিগত ১০-০৩-২০২১ খ্রি: তারিখ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্মসচিব (ডা:) ও এপিএ কমিটির টিমপ্রধান জনাব মোঃ রফিকুল হাসানের সভাপতিত্বে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

২. সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী যাবতীয় বিষয়াদি উপস্থাপনের জন্য এপিএ কমিটির সদস্য জনাব এস.এম. শাফায়েত হোসেনকে আহ্বান জানান। এ পর্যায়ে তিনি সভাকে জানান যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক নং ১.২ এ উল্লিখিত শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়ের জন্য সভা আহ্বান করা হয়েছে। তিনি সভায় এ বিভাগের শুদ্ধাচার/উত্তম চর্চা সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করেন। সভার এ পর্যায়ে সভাপতি মহোদয় Rules of Business এবং Allocation of Business অনুযায়ী লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সেবা ও সংগঠনিক কাঠামো সম্পর্কে ধারণা দেন। সভাপতি মহোদয় সভায় উপস্থিত কর্মকর্তাদের নিকট লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের শুদ্ধাচার/উত্তম চর্চা সম্পর্কে জানতে চান। সভায় অংশগ্রহণকারী মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিগণ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের কাজ ও কাজের মান সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করেন।

সিদ্ধান্ত:-

Allocation of Business এ নির্ধারিত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে কার্যাদি প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সন্তুষ্টির ধারাবাহিকতা অব্যাহত রেখে আরও স্বল্পতম সময়ে নিষ্পত্তির উদ্যোগ নেয়া হবে।

৩. সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২০/০৩/২০২১
(মো: রফিকুল হাসান)
যুগ্ম-সচিব (ডা:)
এবং
টিম প্রধান, এপিএ